

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

০৬ শ্রাবণ, ১৪২৩

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৬-২১

তারিখ : -----

২১ জুলাই, ২০১৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের

প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।


প্রিয় মহোদয়গণ,

ঋণপত্র খোলার সময়ে ঋণপত্র, বিল অব লেডিং, ও অন্যান্য শিপিং ডকুমেন্টে
মুসক নিবন্ধন নম্বর উল্লেখ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত ১৮-০৫-২০১৬ তারিখের পত্র নং- NBR/IT/AWIP/2015-2016/973(1-18) আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অপর পৃষ্ঠায় হবছ পুনঃমুদ্রণ করা হল।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আব্দুল মান্নান)

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৩১৯

২২/০২/১৬
বাংলাদেশ ব্যাংক, বিআরপিডি, প্রঃকাঃ

এন্ট্রি নং- ৫২০২ ডি.জি.এম-)

তারিখ- ২২/০২/১৬

জনকল্যাণে রাজস্ব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং-NBR/IT/AWIP/2015-2016/৭৭৩ (U-18)

তারিখ ১৮/০২/২০১৬

বিষয় : ঋণপত্র খোলার সময়, ঋণপত্র, বিল অব লেডিং ও অন্যান্য শিপিং ডকুমেন্টে মূসক নিবন্ধন নম্বর উল্লেখকরণ।

সূত্র : জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- NBR/IT/AWIP/ADMN-P(1)/12/499, DT. 26/02/2013.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

- ২। দেশের আমদানি বাণিজ্যের সঠিক ব্যবস্থাপনার লক্ষ্যে আমদানিকারকগণের মূল্য সংযোজন করের (মূসক) আওতায় নিবন্ধন গ্রহণ বাধ্যতামূলক। মূসক নিবন্ধন নম্বর (Business Identification Number) উল্লেখ না করে বাণিজ্যিক ব্যাংক হতে ঋণপত্র খোলার ফলে পণ্য খালাসে জটিলতা এবং আমদানি বাণিজ্যের নির্ভরযোগ্য MIS প্রস্তুত করা সম্ভব হয়না।
- ৩। বর্ণিত কারণে সকল বাণিজ্যিক ব্যাংককে ঋণপত্র খোলার সময় আবশ্যিকভাবে আমদানিকারকের নাম ও ঠিকানার পাশাপাশি মূসক নিবন্ধন নম্বর সুস্পষ্টভাবে ঋণপত্র, বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, ইনভয়েস, প্যাকিং লিস্টসহ সকল শিপিং ডকুমেন্ট যেন উল্লেখ করা হয় সে লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সূত্রীয় পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়েছিল। এর ফলে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার পরিপ্রেক্ষিতে সকল ঋণপত্রে আমদানিকারকের মূসক নিবন্ধন নম্বর উল্লেখ করায় বিভিন্ন সরকারি দপ্তর কর্তৃক দরপত্রের বিপরীতে পণ্য ক্রয়ের ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে জাতীয় রাজস্ব বোর্ডে অনুষ্ঠিত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

সকল প্রকার ঋণপত্র খোলার সময় আমদানিকারকের নাম, মূসক নম্বর সুস্পষ্টভাবে ঋণপত্রে উল্লেখ করতে হবে। তবে সরকারি প্রতিষ্ঠান, সরকার অনুমোদিত প্রতিষ্ঠান ও ইনডিপেনডেন্ট পাওয়ার প্রডিউসার (আইপিপি) কর্তৃক আহবানকৃত আন্তর্জাতিক দরপত্র/চুক্তির বিপরীতে ক্রয়কারী/সরবরাহগ্রহীতা ও সরবরাহকারী (Contractor) বা উপ-সরবরাহকারীর (Sub-contractor) মধ্যে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পাদিত চুক্তির অধীনে আমদানির উদ্দেশ্যে ঋণপত্র খোলার সময় ক্রয়কারী/সরবরাহকারী গ্রহীতার BIN/VAT রেজিস্ট্রেশন নাম্বার নিম্নলিখিত শর্তসাপেক্ষে ব্যবহার করতে পারবে:

- (ক) ক্রয়কারী প্রতিষ্ঠানকে (BPDB, REB, BAPEX, PGCB, DESCO, DPDC, ইত্যাদি) এ বিষয়ে 'পরিশিষ্ট-ক' মোতাবেক একটি প্রত্যয়নপত্র প্রদান করতে হবে;
 - (খ) বিল অব এন্ট্রির সাথে ক্রয়কারী/সরবরাহগ্রহীতা এবং সরবরাহকারী বা উপ-সরবরাহকারীর মধ্যে সম্পাদিত ক্রয়/সরবরাহ চুক্তিপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
 - (গ) ঋণপত্র খোলার সময় সংশ্লিষ্ট ব্যাংক বিষয়টি e-mail এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংককে অবহিত করবে।
 - (ঘ) উপ-সরবরাহকারী (Sub-contractor) কর্তৃক সরবরাহের ক্ষেত্রে মূল ক্রয়কারী/সরবরাহ গ্রহীতার সাথে সরবরাহকারী (Contractor) এবং সরবরাহকারীর সাথে চুক্তি পত্রের সত্যায়িত কপি বিল অব এন্ট্রির সাথে দাখিল করতে হবে।
- ৪। উল্লিখিত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

<ঋণপত্র - মূসক>

আ. আ. ম. আমীমুল ইহসান খান
দ্বিতীয় সচিব

[ASYCUDA WORLD]

email : ehsan_c27@yahoo.com

Phone : 838120-26(Ext-355)

(ক) প্রাপক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। ডেপুটি গভর্নর, ব্যাংকিং রেগুলেশন এন্ড পলিসি, বাংলাদেশ ব্যাংক. হেড অফিস, মতিঝিল বা/এ, ঢাকা।
- ২-৭। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মংলা/আইসিডি, কমলাপুর/পানগাঁও।
- ৮-১৬। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর/পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/রাজশাহী/রংপুর/যশোর/খুলনা/সিলেট
- ১৭। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(খ) সদয় অবগতির জন্য :

- ১। সদস্য (শুধু : নীতি) ও কর্মসূচী পরিচালক, এ্যাসাইকুডা ওয়ার্ল্ড, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।